

স্মারক নং: ইউজিসি/পাব:বিশ্ব:/৫২৬(অংশ-২)/২০১৮/৩১৮০

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭
০৬ আগস্ট ২০২০

বিষয়: আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

মাননীয় উপাচার্য (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)

মহোদয়

করোনাভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মতো পাবলিক বিশ্ববিশ্ববিদ্যালয়সমূহ দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকায় শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ মারাত্মকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন। এ অনাকাঙ্ক্ষিত অবস্থায় শিক্ষার্থীদের সুবিধার্থে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষাকার্যক্রম শুরু করার অভিপ্রায়ে ২৫ জুন ২০২০ তারিখ বিকেল ০৩:৩০ ঘটিকায় কমিশন এবং উপাচার্য মহোদয়গণের মধ্যে Zoom Cloud - এ এক সভা অনুষ্ঠিত হয়। সভায় Online শিক্ষাকার্যক্রমের বিষয়ে একমত পোষণ করে উপাচার্য মহোদয়গণ কতিপয় চ্যালেঞ্জের কথা উল্লেখ করে তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

সম্মানিত উপাচার্যগণের মতামতের ভিত্তিতে Online শিক্ষাকার্যক্রমে যাতে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারেন, সে লক্ষ্যে উচ্চগতিসম্মন্ন ইন্টারনেট সুবিধাসহ শিক্ষার্থীদের বিনামূল্যে ডাটা সরবরাহ এবং Soft loan/Grants-এর আওতায় Smartphone সুবিধার নিশ্চয়তা বিধানের জন্য কমিশন থেকে মাননীয় শিক্ষামন্ত্রীর বরাবর পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, Online শিক্ষা কার্যক্রমে সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে যে সকল শিক্ষার্থীর ভিতাইস ক্রয়ে আর্থিক সক্ষমতা নেই, শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর নির্ভুল তালিকা আগামী ২৫ আগস্ট ২০২০ তারিখের মধ্যে বন্ধনীতে উদ্ধৃত (director_publicuniv@ugc.gov.bd) ই-মেইল-এ প্রেরণ করার জন্য আপনাকে সবিনয় অনুরোধ করা হলো।

বিতরণ:

উপাচার্য

ঢাকা/রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল /শেরে বাংলা কৃষি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল /রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল/ রাজশাহী মেডিকেল/রবীন্দ্র/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা/ খুলনা কৃষি/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাডভান্সড অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: ইউজিসি/পাব:বিশ্ব:/৫২৬(অংশ-২)/২০১৮/৩১৮০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ২। উপ পরিচালক-১, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা;
- ৩-৫। সহকারী সচিব, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৭-৮। নথি/মহানথি।

কর্তৃপক্ষের আদেশক্রমে


০৬-০৬-২০২০

মো. কামাল হোসেন

পরিচালক

পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ

ফোন: ৮৮-০২ ৫৮১৬০১১১

ই-মেইল: director_publicuniv@ugc.gov.bd

তারিখ: ০৬ আগস্ট ২০২০ খ্রি.


০৬-০৬-২০২০

পরিচালক

পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ